

প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক
উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০২.২৩.১৭৩৬

২৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানের ২৭,০০০ ছাত্র-ছাত্রীর পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ উদ্বোধন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) এর মাধ্যমে সারাদেশের প্রতিটি সংসদীয় আসনে ১টি করে মোট ৩০০টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল স্কুল অব ফিউচার” স্থাপন করা হয়েছে। শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিটি প্রতিষ্ঠান থেকে (৬ষ্ঠ-১০ম) ৯০ জন ছাত্রছাত্রী নিয়ে মোট ২৭,০০০ ছাত্রছাত্রীকে পাইথন প্রোগ্রামিং বিষয়ে ১৫ দিন ব্যাপী (প্রতিদিন ০৩ ঘন্টা করে) প্রশিক্ষণ প্রদান করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৮/১০/২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় প্রশিক্ষণ কার্যক্রমটি উদ্বোধনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে আয়োজনের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবেঃ

- ক) উদ্বোধন অনুষ্ঠানটি বিটিভিসহ www.facebook.com/Department.of.ICT লিংকে সরাসরি সম্প্রচার করা হবে।
খ) ল্যাবের এলইডি টিভি/ প্রজেক্টর এর মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠান প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
গ) ল্যাবের সকল প্রয়োজনীয় সামগ্রী সচল রাখার ব্যবস্থা করতে হবে।
ঘ) শেখ রাসেল স্কুল অব ফিউচারে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সকল শিক্ষক, ছাত্রছাত্রীসহ উপস্থিত থেকে উদ্বোধনী অনুষ্ঠানে সংযুক্ত থাকতে হবে।
ঙ) মাননীয় প্রধানমন্ত্রী যে কোন সময় যে কোন প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত হয়ে মতবিনিময় করতে পারেন।

০২। এমতাবস্থায়, পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ উদ্বোধন কার্যক্রম সুষ্ঠুভাবে আয়োজন ও সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৪-১০-২০২৩
এস এ এম রফিকুলমবী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২-৫৫০০৬৮২৬ (ফোন)
০২-৫৫০০৬৮২৬ (ফ্যাক্স)
pdsrdl@doict.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....কলেজ/ বিদ্যালয়.....।।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০২.২৩.১৭৩৬/১ (১৮)

২৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।;
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।;
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।;
- ৪। জেলা প্রশাসক (সকল)।;
- ৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা। (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
- ৬। সচিবের একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
- ৭। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।;

- ৮। উপ-প্রকল্প পরিচালক (সাধারণ), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়), আইসিটি টাওয়ার, ঢাকা।;
- ৯। আঞ্চলিক উপপরিচালক(সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল;
- ১০। জেলা শিক্ষা অফিসার (সকল)। (আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
- ১১। প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।(আওতাধীন সকল উপজেলা কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);;
- ১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।;
- ১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)। (আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
- ১৪। সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।(আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠান আয়োজন নিশ্চিত করার অনুরোধসহ);;
- ১৫। টিম লিডার, পরামর্শক প্রতিষ্ঠান, ডিডিসি এন্ড এমসিসি লিঃ, মহাখালী, ঢাকা (প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন, তদারকী এবং প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।;
- ১৬। MD, JV of Babylon Resources Limited & Ezze Technology Limited;
- ১৭। MD, JV of Digicon Technologies Limited, & FIFOTech এবং
- ১৮। MD, JV of Shushilan Ltd & Insight Bangladesh Foundation।



(Handwritten signature)

১৪-১০-২০২৩
এস এ এম রফিকুল্লাহী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)